দৈনিক ইত্তেফাক

তারিখ 01 SEP 2008
পৃঃ ৫ কলাম ৬

সংবাদ সম্মেলনে অভিযোগ

# আদালতের নির্দেশ সত্ত্বেও বেসরকারি শিক্ষকদের এমপিওভুক্ত করা হচ্ছে না

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

বেসরকারি কলেজ শিক্ষক আন্দোলন পরিষদের নেতৃবৃন্দ বলেছেন, সরকারের নীতিমালা অনুযায়ী বৈধভাবে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বিভিন্ন বেসরকারি ডিগ্রী কলেজের শিক্ষক হিসাবে নিয়োগ পেয়ে প্রায় ৫ বছর চাকরি করছি। কিন্তু হাইকোর্টের নির্দেশ সত্ত্বেও আমাদের এমপিওভুক্ত করা হয়নি। গত শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে শিক্ষক পরিষদের নেতৃবৃন্দ এ কথা বলেন।

সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন পরিসদের আহ্বায়ক মির্জা সিদ্দিকুল ইসলাম। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, টিআইবি'র চেয়ারম্যান অধ্যাপক মোজাফফর আহমদ, এডভোকেট এলিনা খান, সংগঠনের উপদেষ্টা মোঃ রাকিব উদ্দিন, যুগ্ম আহ্বায়ক জিয়াউরুল ইসলাম জিয়া, শরীফুল ইসলাম চন্দন, শামসুন্নাহার ঝর্ণা প্রমুখ। নেতৃবৃন্দ বলেন, বেসরকারি ডিগ্রী কলেজসমূহে বিষয় ভিত্তিক তিনজন করে শিক্ষকের এমপিওভুক্তির পক্ষে বিভিন্ন জেলার শিক্ষকরা পৃথক পৃথকভাবে হাইকোর্টে রিট আবেদন করেন। আবেদনের পরিপ্রেক্ষিতে হাইকোর্ট শিক্ষা সচিবকে রিটকারী শিক্ষকদেরকে এমপিওভুক্ত করার নির্দেশ দেয়। পরে সরকার উক্ত রায়ের বিরুদ্ধে সুপ্রিম কোর্টে আপিল করলে সুপ্রিম কোর্ট আপিল খারিজ করে হাইকোর্টের রায় বহাল রাখেন। এরপরও কর্তৃপক্ষ শিক্ষকদেরকে এমপিওভুক্ত করছেন না।